

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩৫.০০১.২০.৫২৫

তারিখ: ৯ চৈত্র ১৪২৮

২৩ মার্চ ২০২২

অফিস আদেশ

সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর সংশ্লিষ্ট বিধি অনুসরণ পূর্বক “মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ” এর আগামী ০৪-০৫-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠেয় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনার নিমিত্ত সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৬ (২) বিধি অনুযায়ী নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি নিয়োগ করা হলো।

ক্রঃ নং	নাম ও পরিচিতি	কমিটিতে পদবী
০১	জনাব জান্নাতুল ফেরদৌসী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সেনবাগ, নোয়াখালী।	সভাপতি
০২	জনাব সাইফুল কবির, সদস্য নং ০৫ মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ, সেনবাগ, নোয়াখালী।	সদস্য
০৩	জনাব মোঃ মোশারফ হোসেন, সদস্য নং ২১ মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ, সেনবাগ, নোয়াখালী।	সদস্য

উল্লেখ্য: সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৬(৫) বিধি এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় এর আদেশ নং-৩৬(৫৯০), তারিখ : ২৮-০১-২০০৫খ্রি. এর নির্দেশনা অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটির সদস্যগণ সমিতির তহবিল হতে উপযুক্ত পরিমাণ সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

নিয়োগকৃত নির্বাচন কমিটির কার্যপরিধি


০১। সমবায় সমিতি আইন, বিধিমালা এবং সমিতির উপ-আইন অনুসারে নির্বাচন পরিচালনা কমিটি নির্বাচনী কার্যক্রম পরিচালনা করবেন।

০২। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) ২৭ এর বিধি মোতাবেক নিয়োগকৃত নির্বাচন কমিটি উক্ত নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন।

০৩। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৩৪(৫) বিধি অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটির সকল সদস্যর স্বাক্ষরিত নির্বাচনী ফলাফল সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা, বিজয়ী সদস্য ও নিবন্ধকের নিকট দাখিল করবেন এবং একই বিধিমালা ৩৫(২) বিধি অনুযায়ী নির্বাচন সংশ্লিষ্ট রেজিষ্টার ও কাগজপত্র সমিতির কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিবেন।

০৪। নির্বাচন চলাকালে নির্বাচন কমিটির কার্যক্রম এবং নির্বাচন অনুষ্ঠানের পর দ্রুত সময়ের মধ্যে নির্বাচনী কাগজপত্রাদি নিবন্ধক তথা জেলা সমবায় অফিসার, নোয়াখালী বরাবর দাখিল করবেন।

০৫। নির্বাচন চলাকালীন সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করত: স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে নির্বাচন পরিচালনা করতে হবে।



২৩-৩-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৩২১-৬১৪৪২


ইমেইল:

dco.noakhali@yahoo.com

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) জনাব জান্নাতুল ফেরদৌসী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সেনবাগ, নোয়াখালী ও সভাপতি, নির্বাচন পরিচালনা কমিটি, মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ, সেনবাগ, নোয়াখালী।
- ২) জনাব সাইফুল কবির, সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি, মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ, সেনবাগ, নোয়াখালী।
- ৩) জনাব মোঃ মোশারফ হোসেন, সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি, মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ, সেনবাগ, নোয়াখালী।
- ৪) সভাপতি/সম্পাদক, মিলোনিয়াম বহুমুখী সমবায় সমিতি লিঃ, সেনবাগ, নোয়াখালী।
- ৫) উপজেলা সমবায় অফিসার, সেনবাগ, নোয়াখালী।



২৩-৩-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা